

া সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৬৫

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ২৭. ইলমের ভিত্তিতে আমল করা এবং এতে নিয়ত সহীহ রাখা

بَابُ الْعَمَلِ بِالْعِلْمِ وَحُسْنِ النِّيَّةِ فِيهِ

আরবী

أَخْبَرَنَا عُثْمَانُ بْنُ عُمَرَ، حَدَّثَنَا عُمَرُ بْنُ مَزْيَدٍ، عَنْ أَوْفَى بْنِ دَلْهَمٍ: أَنَّهُ بَلَغَهُ عَنْ عَلِيِّ رَضِيَ اللَّهُ عَنْهُ، قَالَ: «تَعَلَّمُوا الْعِلْمَ، تُعْرَفُوا بِهِ، وَاعْمَلُوا بِهِ، تَكُونُوا مِنْ أَهْلِهِ، فَإِنَّهُ سَيَأْتِي بَعْدَ هَذَا زَمَانٌ لَا يَعْرِفُ فِيهِ تِسْعَةُ عُشَرَائِهِمُ الْمَعْرُوفَ، وَلَا يَنْجُو مِنْهُ إِلَّا كُلُّ نُومَةٍ فَأُولَئِكَ أَئِمَّةُ الْهُدَى وَمَصَابِيحُ الْعِلْمِ، لَيْسُوا بِالْمَسَايِيحِ وَلَا الْمَذَايِيعِ الْبُدْرِ» قَالَ أَبُو مُحَمَّدٍ: نُومَةً: غَافِلٌ عَنِ الشَّرِ، الْمَذَايِيعُ: كَثِيرُ الْكَلَامِ، وَالْبُذْرُ: النَّمَّامُونَ

رجاله ثقات غير أنه منقطع أوفى بن دلهم لم يسمع عليا فيما نعلم

বাংলা

২৬৫. আওফা ইবনু দালহাম হতে বর্ণিত, আলী রাদ্বিয়াল্লাহু আনহু বলেন: "তোমরা ইলম শিক্ষা কর, তাহলে এর দ্বারাই তোমরা পরিচিতি লাভ করবে, তোমরা এর দ্বারা আমল করতে পারবে, আর তোমরা জ্ঞানের বাহক হয়ে যাবে। কেননা, নিশ্চয় এ যামানার পরেই এমন এক যামানা আসবে, যখন দশজনের নয়জন লোকই ভালো কথা/কাজ (মা'রুফ) বিষয়ে জানবে না। আর এ (ফিতনা) থেকে অখ্যাত (অকল্যাণ থেকে বেখেয়াল) ব্যক্তিবর্গ ব্যতীত আর কেউ রক্ষা পাবে না। আর তারাই হলেন সঠিকপথের ইমাম (আলিম) এবং ইলমের আলোকবর্তিকা। আর তারা মন্দ কাজ ও চোগলখুরীতে ব্যস্ত থাকে না, এবং তারা লোকদের মাঝে কুৎসা ও অশ্লীলতার প্রচারকারী নন।[1]

আবু মুহাম্মদ (দারেমী) বলেন: 'نومة' : অকল্যাণ (ফিতনা) থেকে বেখেয়ালী ব্যক্তিবর্গ। المذاييع: বাচালতা, অধিক কথা বলা। البنر চোগলখোর, কুৎসা রটনাকারীগণ।

ফুটনোট



[1] তাহকীক: এর রাবীগণ নির্ভরযোগ্য, তবে এ সনদে বিচ্ছিন্নতা রয়েছে। আমরা যতদূর জানতে পেরেছি, আওফা বিন দুলহাম আলী রাদিয়াল্লাহু আনহু থেকে কোন কিছু শ্রবণ করেননি। আল্লাহই ভাল জানেন।

তাখরীজ: আহমদ, আয যুহদ পৃ. ১৩০; দেখুন শুয়াবুল ঈমান ৯৬৭০।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন